দৈনিক সংবাদ

DEC. 22 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# স্কলারশিপ কাউন্সিলের ছাত্রবৃত্তি প্রদান অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক : গতকাল শুক্রবার বাংলাদেশ স্কলারশিপ কাউন্সিলের পক্ষ থেকে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মোট ৩শ মেধাবী গরিব ছাত্রছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়েছে। ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত সপ্তম বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তথ্যমন্ত্রী ড. আবদুল মঈন খান বলেন, দেশ ও জাতিকে কিছু দেয়াই হতে পারে ছাত্রদের রাজনীতির একমাত্র উদ্দেশ্য। আর কোন উদ্দেশ্য এর সাথে জড়িত থাকতে পারে না। তিনি বলেন, শিক্ষার উদ্দেশ্য হলো নিজেকে সঠিকভাবে গড়ে দেশ ও জাতির সেবায় নিয়োজিত করা। কঠোর পরিশ্রম ছাড়া শিক্ষার মূল উদ্দেশ্য কখনও সাধন করা যায় না। বৃত্তিলাভকারী ছাত্রছাত্রীদের উদ্দেশে তথ্যমন্ত্রী বলেন, আমাদের দেশের শতকরা ৪০ ভাগ লোক এখনও দারিদ্র্যসীমার নিচে বাস করে। শিশুরা অপুষ্টিতে ভোগে। সীমিত সম্পদের এই দেশটিকে গড়ে তুলতে মেধাবীদের এগিয়ে আসতে হবে।

বিশিষ্ট শিক্ষাবিদ ড. আমিনুল ইসলাম বলেন, আমাদের গ্রামাঞ্চলে অনেক মেধাবী ছাত্রছাত্রী অজ্ঞাত অবস্থায় পড়ে আছে। তাদের খুঁজে বের করে মেধা বিকাশের সুযোগ করে দিতে হবে।

বাংলাদেশ স্কলারশিপ কাউন্সিলের দাতা সংস্থা নিপ্পণ ফাউন্ডেশনের পরিচালক সুইচি হনো বলেন, আমরা জাতি গঠনের জন্য শিক্ষা ও কঠোর পরিশ্রমকে বেছে নিয়েছি। এ কারণে ১৯৪৫ সালে যুক্তরাষ্ট্র আণবিক বোমা ফেলে যে ক্ষতি করেছিল তা আজ কাটিয়ে উঠতে পেরেছি।

সভাপতির বক্তৃতায় জাতীয় অধ্যাপক ডা: নূরুল ইসলাম বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, তোমাদের অবশ্যই জাপানিদের অনুকরণ করতে হবে। জাপানিরা কঠোর পরিশ্রমী, তারা কথা বলে কম আর কাজ করে বেশি।

অনুষ্ঠানে অজিত কুমার বড়ুয়া স্বাগত বক্তব্য রাখেন। প্রদত্ত প্রতিটি বৃত্তির পরিমাণ ৮ হাজার টাকা।